**AKASHVANI(AIR)**

**RNU:KOLKATA**

**BengaliText Bulletin**

**Date 11-01-2026 Time: 1.40 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) এস আই আর নিয়ে মুখ্য নির্বাচন কমিশনারকে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর লেখা চিঠিকে ভিত্তিহীন বলে দাবি করেছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারি।

# এসআইআর-এর তদারকিতে আরও চারজন রোল অবজার্ভার নিয়োগ করেছে নির্বাচন কমিশন।

২. রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী উদ্দেশ্যপ্রণোদিতভাবে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর ওপর আক্রমণ করিয়েছেন বলে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার অভিযোগ করেছেন।

৩. গঙ্গা সাগর মেলায় আজ থেকে শুরু হয়েছে নানা ধর্মীয় ও আধ্যাত্মিক অনুষ্ঠান। আজ সন্ধ্যায় শুরু হবে তিনদিন ব্যাপী রঙ্গিন ও বর্ণাঢ্য সাগর আরতি।

৪.বাতাসে জলীয় বাস্প বেশি থাকায় দক্ষিণবঙ্গের উপকূলীয় জেলাগুলিতে সর্বনিম্ন তাপমাত্রা কিছুটা বেড়েছে। তবে আগামীকাল থেকে তাপমাত্রার পারদ আবার নামবে বলে আবহাওয়া দফতর জানিয়েছে।

৫. বাংলা মেয়েদের অনুর্ধ্ব ১৫ দিনের ক্রিকেটের কোয়ার্টার ফাইনালে পৌঁছেছে।

oooooooooooooooooooo

এসআইআর নিয়ে মুখ্য নির্বাচন কমিশনারকে লেখা মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর চিঠিকে ভিত্তিহীন বলে দাবি করেছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। মুখ্য নির্বাচন

কমিশনারকে পাল্টা চিঠি দিয়ে তিনি অভিযোগ করেছেন, ১০ই জানুয়ারি মুখ্যমন্ত্রী ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন নিয়ে যে চিঠি দিয়েছেন তা অপ্রয়োজনীয় এবং অতিরঞ্জিত। তিনি বলেছেন, মুখ্যমন্ত্রী যে দাবিগুলি করেছেন তা এসআইআর প্রক্রিয়াকে ব্যাহত করার একটা মরিয়া প্রচেষ্টা ছাড়া আর কিছু নয়। ভোটার তালিকায় ভুয়ো এন্ট্রি, ও নকলের কারচুপি উন্মোচিত হয়েছে। তাই এই প্রক্রিয়াকে ক্ষতিগ্রস্ত করতে মুখ্যমন্ত্রী এই ধরনের পদ্ধতির আশ্রয় নিয়েছেন।

ooooooooooooooooooooooooo

এদিকে, পশ্চিমবঙ্গের ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী তদারকির জন্য আরো চারজন বিশেষ রোল অবজারভার নিয়োগ করল নির্বাচন কমিশন। কমিশন গতকাল প্রতিবেশী রাজ্য ও দিল্লিতে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দপ্তরে কর্মরত IAS আধিকারিককে পশ্চিমবঙ্গে বিশেষ রোল অবজারভার হিসেবে দায়িত্ব দেওয়ার কথা জানিয়েছে। বিশেষ রোল অবজারভার হিসেবে যাঁদের নিয়োগ করা হয়েছে, তাঁরা হলেন যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রকের ডিরেক্টর সন্দীপ রেওয়াজি রাঠোর, ত্রিপুরার জনগণনা অধিকর্তা রতন বিশ্বাস, জাতীয় স্বাস্থ্য কর্তৃপক্ষের ডেপুটি সেক্রেটারি ড. শৈলেশ ও সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন মন্ত্রকের ডিরেক্টর বিকাশ সিং।

নির্বাচন কমিশনের নির্দেশ অনুযায়ী, বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়ায় কোনো যোগ্য ভোটার যেন তালিকা থেকে বাদ না পড়েন এবং কোনও অযোগ্য ব্যক্তির নাম যেন তালিকায় না থাকে, তা নিশ্চিত করাই এই অবজারভারদের মূল দায়িত্ব। তাঁরা পশ্চিমবঙ্গের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর থেকে দাবিদাওয়া ও আপত্তি নিষ্পত্তির পাশাপাশি চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ পর্যন্ত পুরো প্রক্রিয়া নজরদারি করবেন বলে নির্দেশে জানানো হয়েছে।

ooooooooooooooooooooooooo

SIR প্রক্রিয়ায় যুক্ত মাইক্রো অবজারভারদের একাংশের বিরুদ্ধে কাজে গাফিলতির অভিযোগ ওঠায়, নির্বাচন কমিশন ফের একবার কঠোর বার্তা দিয়েছে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরের জারি করা নির্দেশিকায় বলা হয়েছে, দায়িত্ব পালনে

গাফিলতি কোনভাবেই বরদাস্ত করা হবে না এবং কর্তব্যে অবহেলা প্রমাণিত হলে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে।
নির্বাচন কমিশনের নির্দেশ অনুযায়ী মাইক্রো অবজারভারদের মূল দায়িত্ব হল— এনুমারেশন ফর্মে ডিজিটাইজড এন্ট্রি যাচাই, ভোটার তালিকার সঙ্গে জন্ম-মৃত্যু নথির তুলনা, যাঁদের নোটিস পাঠানো হয়েছে তাঁদের জমা দেওয়া নথি পরীক্ষা, দাবিদাওয়া ও আপত্তির ক্ষেত্রে দাখিল হওয়া কাগজপত্র খতিয়ে দেখা এবং শুনানির সময় ইলেক্টরদের সঙ্গে ERO বা AERO-র যৌথ ছবি তুলে তা নির্দিষ্ট সময়ে আপলোড করা। পাশাপাশি তালিকা সংশোধনের সময় কোনও বিচ্যুতি বা অসঙ্গতি ধরা পড়লে তার রিপোর্ট করাও মাইক্রো অবসার্ভারদের দায়িত্ব বলে জানানো হয়েছে।
কিন্তু নির্বাচন কমিশনের পক্ষ থেকে রাজ্যের বিভিন্ন শুনানি কেন্দ্র পরিদর্শনে গিয়ে দেখা গেছে, বহু জায়গায় মাইক্রো অবজারভাররা নির্ধারিত দায়িত্ব ঠিকভাবে পালন করছেন না। এমনকি শুনানিতে আসা ভোটারদের স্বাক্ষরও যথাযথভাবে যাচাই করা হচ্ছে না। এই প্রেক্ষিতে সংশ্লিষ্ট নির্দেশ।

ooooooooooooooooooooooooo

রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী উদ্দেশ্যপ্রণোদিতভাবে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর ওপর আক্রমণ করিয়েছেন বলে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার অভিযোগ করেছেন। বাগডোগরা বিমানবন্দরে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন, মুখ্যমন্ত্রী ভোটের আগে এমন পরিস্থিতি তৈরি করতে চাইছেন যাতে কেন্দ্রীয় সরকার এক্ষেত্রে হস্তক্ষেপ করে। এরপর বিষয়টি নিয়ে ইস্যু তৈরি করে মুখ্যমন্ত্রী মানুষের সহানুভূতি আদায়ের চেষ্টা করবেন এবং ভোটের বৈতরণী পার হবেন।

(বাইট – সুকান্ত)

অন্যদিকে, তার কনভয়ে আক্রমণের প্রতিবাদে বিরোধী দলনেতা মঙ্গলবার 'চন্দ্রকোনা চলো'র ডাক দিয়েছেন। ইতিমধ্যেই এই ঘটনার প্রতিবাদে মেদিনীপুর সহ রাজ্যের বিভিন্ন প্রান্তে বিজেপি কর্মীরা বিক্ষোভ দেখিয়েছেন। এই ঘটনার প্রতিবাদে বিজেপি আজ দুপুরে

যাদবপুর এইটবি বাস স্ট্যান্ড থেকে এক প্রতিবাদ মিছিলের ডাক দিয়েছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী এই মিছিলে উপস্থিত থাকার কথা।
কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর গাড়িতে আক্রমণের ঘটনায় রিপোর্ট চেয়েছে।

অন্যদিকে, গতকালের হামলার প্রতিবাদে পূর্ব বর্ধমানের ভাতারে, বর্ধমান কাটোয়া ও বর্ধমান বাদশাহী রোড অবরোধ করে বিজেপি কর্মী সমর্থকরা।

oooooooooooooooooooooo

আগেই জানানো হয়েছে,পশ্চিম মেদিনীপুরের চন্দ্রকোনা রোড এলাকায়, রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর গাড়িতে হামলার অভিযোগ উঠেছে। ঘটনার প্রতিবাদে এবং অভিযুক্তদের গ্রেপ্তারের দাবিতে তিনি গতকাল গড়বেতা থানার চন্দ্রকোনা বিট হাউস ফাঁড়িতে অবস্থান বিক্ষোভ শুরু করেন। রাতে সাড়ে **১১** টা পর্যন্ত চলে ওই অবস্থান। পরে পুলিশ শুভেন্দুর অভিযোগের প্রেক্ষিতে FIR গ্রহণ করে।

উল্লেখ্য, পুরুলিয়া থেকে ফেরার পথে গতরাতে চন্দ্রকোনা রোডের সাতবাঁকুড়া গ্রাম পঞ্চায়েত অফিসের কাছে তৃণমূল কংগ্রেসের স্থানীয় কিছু কর্মী-সমর্থক, বিরোধী দলনেতার গাড়িতে হামলা চালায়। এই অতর্কিত আক্রমণে তাঁর কনভয়ের দুটি গাড়ি ক্ষতিগ্রস্ত হয়েছে বলে অভিযোগ করেন শুভেন্দু।

oooooooooooooooooooooo

বেআইনি কয়লা পাচার কাণ্ডের তদন্তে কলকাতায় তল্লাশির সময় কি ঘটেছিল, তা বিস্তারিত জানিয়ে কলকাতার এনফোর্সমেন্ট ডিরেক্টরেট, দিল্লিতে রিপোর্ট জমা দিয়েছে। এই ঘটনায় প্রত্যক্ষদর্শী আধিকারিকদের বয়ান সহ কেন্দ্রীয় বাহিনী ও কলকাতা পুলিশের পাশাপাশি রাজ্য প্রশাসনের ভূমিকার কথা রিপোর্টে উল্লেখ করা হয়েছে বলে জানা গিয়েছে।

উল্লেখ্য, বে-আইনী কয়লা পাচার মামলায় পশ্চিমবঙ্গ ও দিল্লির ১০-টি জায়গায় বৃহস্পতিবার ইডি তল্লাশি অভিযান চলেছিল। তার মধ্যে মুখ্যমন্ত্রী বিরুদ্ধে সাংবিধানিক ক্ষমতার অপব্যবহার করে কলকাতার দুটি জায়গায় তদন্তে বাধা দেওয়ার অভিযোগ করেছে তারা।

০০০০০০০০০০০০০০০০০০০০

আইপ্যাকের কর্ণধারের বাড়িতে একজন রাজনৈতিক নেত্রী হিসেবে গিয়েছিলেন বলে মুখ্যমন্ত্রী যে দাবি করেছেন বিজেপি তার সমালোচনা করেছে। দলের প্রাক্তন রাজ্য সভাপতি, কেন্দ্রীয় মন্ত্রী সুকান্ত মজুমদার গতসন্ধ্যায় সাংবাদিকদের প্রশ্নের উত্তরে জানিয়েছেন, আইপ্যাকের কর্ণধার কোন রাজনৈতিক দলের সদস্য নয়। তাই সেক্ষেত্রে মুখ্যমন্ত্রী রাজনৈতিক দলের নেত্রী হিসেবে কেন গিয়েছিলেন, শ্রী মজুমদার সে বিষয়ে প্রশ্ন তোলেন। পাশাপাশি রাজনৈতিক দলের নেত্রী হিসেবে সেখানে গেলে মুখ্যমন্ত্রীর সঙ্গে মুখ্য সচিব নন্দিনী চক্রবর্তী ও কয়েকজন পুলিশ আধিকারিক কেন গিয়েছিলেন শ্রী মজুমদার তাও জানতে চান। তিনি বলেন, কয়লা দুর্নীতিতে জড়িতদের আড়াল করতে নথি ছিনিয়ে নিতে গিয়ে মুখ্যমন্ত্রীর যে আতঙ্ক ও অস্থিরতা দেখা গেছে তাতে বিষয়টিতে সন্দেহের অবকাশ রয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

তীব্র শীতের প্রকোপ উপেক্ষা করেই ভোর থেকে গঙ্গাসাগর মেলায় শুরু হয়েছে নানা ধর্মীয় ও আধ্যাত্মিক অনুষ্ঠান। সাগরতট এলাকায় আয়োজিত সাগর-প্রবচনে ধর্মীয় গুরুরা মানবজীবনে ধর্ম, নৈতিকতা ও সম্প্রীতির মূল বার্তা তুলে ধরছেন। ভোরের কুয়াশা আর কনকনে ঠান্ডার মধ্যেও সেই প্রবচন শুনতে ভিড় জমাচ্ছেন অসংখ্য ভক্ত। পাশাপাশি ইসকনের উদ্যোগে শুরু হয়েছে নগর-সংকীর্তন। ঢাক, কাঁসর আর হরিনামের ধ্বনিতে মুখরিত হয়ে উঠেছে গোটা মেলাপ্রাঙ্গণ। কয়েকশো ভক্ত একসঙ্গে পুরো মেলা পরিক্রমা করছেন, যাঁদের মধ্যে বিদেশি ভক্তদের উপস্থিতিও নজর কাড়ছে।প্রতি বছরের মতো এ বছরও মকর সংক্রান্তি উপলক্ষে গঙ্গাসাগর মেলায় ইসকন গঙ্গাসাগর শাখার উদ্যোগে

তীর্থযাত্রীদের জন্য বিশেষ প্রসাদ বিতরণ শিবিরের আয়োজন করা হয়েছে। গঙ্গাসাগর মেলার ৫ নম্বর রাস্তায় হেলিপ্যাড ও কে-২ বাস স্ট্যান্ডের এই শিবির হয়েছে। এ বছর এই প্রসাদ বিতরণ শিবির ২১ বছরে পদার্পণ করল। আজ সকাল ৬টায় হরিনাম সংকীর্তন প্রভাতফেরির মাধ্যমে কর্মসূচির সূচনা হয়। মেলা চলাকালীন লাক্ষাধিক তীর্থযাত্রীর জন্য সম্পূর্ণ বিনামূল্যে, প্যাকেটভর্তি প্রসাদ সকাল থেকে গভীর রাত পর্যন্ত অবিরাম বিতরণ করা হবে। এছাড়াও চিকিৎসা পরিষেবা, কম্বল ও বস্ত্র বিতরণ, গীতা ও ধর্মীয় পুস্তক প্রদান করা হচ্ছে। প্রায় ৭০০ জন স্বেচ্ছাসেবক দিন-রাত শিবির পরিচালনায় যুক্ত রয়েছেন। দেশ-বিদেশের ভক্তদের অংশগ্রহণে গঙ্গাসাগর মেলা আধ্যাত্মিক ও সাংস্কৃতিক মিলনতীর্থে পরিণত হয়েছে।

গতকাল আনুষ্ঠানিকভাবে মেলার উদ্বোধনের মধ্য দিয়ে মকর সংক্রান্তির মাহেন্দ্রক্ষণের কাউন্টডাউন শুরু হয়ে গিয়েছে। তারই সঙ্গে প্রতিদিন বাড়ছে পুণ্যার্থীদের ভিড়। ইতিমধ্যেই হাজার হাজার পুণ্যার্থী সাগরমেলায় এসে পৌঁছেছেন। আজ রবিবার হওয়ায় সারাদিন ধরে আরও বেশি সংখ্যক পুণ্যার্থীর আগমন ঘটবে বলে আশাবাদী জেলা প্রশাসন।পুণ্যার্থীদের নিরাপত্তা ও সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য আঁটোসাটো নিরাপত্তা বলয়ে মুড়ে ফেলা হয়েছে গোটা সাগরমেলা এলাকা। আজ সন্ধ্যায় শুরু হবে রঙিন ও বর্ণাঢ্য সাগর-আরতি, যা টানা তিন দিন চলবে। সব মিলিয়ে পুণ্যভূমি গঙ্গাসাগর এখন মানুষের মিলন ও বিশ্বাসের এক মহান তীর্থক্ষেত্রে পরিণত হয়েছে।

oooooooooooooooooooo

সারা রাজ্যে শীতের আমেজ থাকলেও বাতাসে জলীয় বাষ্প বেশী থাকার কারণে দক্ষিণ বঙ্গের উপকূলীয় জেলাগুলিতে আজ সর্বনিম্ন তাপমাত্রা গত কয়েকদিনের থেকে কিছুটা বেড়েছে। কলকাতায় আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১৫ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে ১ দশমিক দুই ডিগ্রি বেশি। এছাড়াও দীঘা ডায়মন্ড হারবার ক্যানিং হলদিয়া এই সব এলাকার ন্যূনতম তাপমাত্রাও বেশ কিছুটা বেড়েছে।

তবে, আগামীকাল থেকে সর্বনিম্ন তাপমাত্রা আবার কিছুটা কমবে বলে জানিয়েছে আলিপুর আবহাওয়া দফতরের বিজ্ঞানী সৌরিশ বন্দ্যোপাধ্যায়।

এদিকে দক্ষিণবঙ্গে আজ সব থেকে কম সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে মুর্শিদাবাদ এর বহরমপুরে ৯.২ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের চেয়ে দুই দশমিক দুই ডিগ্রি কম। অন্যদিকে উত্তরবঙ্গের সমতলে জলপাইগুড়িতে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৮.২ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে প্রায় দুই ডিগ্রি কম। দার্জিলিং পাহাড়ি এলাকায় আজ তাপমাত্রা রেকর্ড করা হয় ১.৮ ডিগ্রি সেলসিয়াস। সকালের দিকে দার্জিলিং ও কোচবিহার জেলায় হালকা থেকে মাঝারি কুয়াশা ছিল।

ooooooooooooooooooooooooo

মুর্শিদাবাদের বহরমপুরে গোরাবাজার শ্মশানঘাটে তুচ্ছ বিবাদ থেকে মর্মান্তিক মৃত্যু। পুলিশ সূত্রে জানা গেছে, মৃত যুবকের নাম জয়ন্ত ঘোষ (৩০)।বাড়ি ডোমকল থানার অন্তর্গত ডোমকলের পারদিয়াড় গ্রামে।পরিবার সূত্রে জানা গেছে, জয়ন্ত ঘোষ তাঁর এক আত্মীয়ের শেষকৃত্য সম্পন্ন করতে শ্মশানঘাটে এসেছিলেন। সেই সময় শ্মশানঘাটে উপস্থিত অন্য এক মৃতদেহের পরিবারের লোকজনের সঙ্গে কোনও একটি বিষয় নিয়ে বচসা শুরু হয়। মুহূর্তের মধ্যেই সেই বচসা বিবাদে রূপ নেয়।অভিযোগ, বিবাদের মধ্যেই অপর পক্ষের এক ব্যক্তি আচমকা বাঁশ দিয়ে জয়ন্ত ঘোষের মাথায় আঘাত করে। গুরুতর আহত অবস্থায় তাঁকে দ্রুত মুর্শিদাবাদ মেডিক্যাল কলেজ ও হাসপাতালে নিয়ে যাওয়া হয়। তবে চিকিৎসকরা তাঁকে মৃত ঘোষণা করেন।

এই ঘটনায় আরও দু’জন গুরুতরভাবে জখম হয়ে ভর্তি রয়েছেন চিরঞ্জিত ঘোষ আর কার্তিক ঘোষ তাঁরা মৃতের আত্মীয় বলে জানা গেছে। তাঁদেরও চিকিৎসার জন্য হাসপাতালে ভর্তি করা হয়েছে।খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছয় বহরমপুর থানার পুলিশ। মৃতদেহ ময়নাতদন্তের জন্য পাঠানো হয়েছে। ঘটনার তদন্ত শুরু হয়েছে এবং অভিযুক্তদের চিহ্নিত করে গ্রেপ্তারের চেষ্টা চলছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

দক্ষিণ দিনাজপুর জেলার চকভৃগু এলাকায় এক বিরল বন্যপ্রাণী ভাম বেড়াল ঢুকে পড়ায় আতঙ্ক ছড়াল । ১৩ নং ওয়ার্ডের এক বাসিন্দা শুক্রবার সন্ধ্যায় প্রথমে প্রাণীটিকে শিয়াল ভেবে উদ্ধার করেন। বনদপ্তর সূত্রে জানা গেছে, তীব্র ঠান্ডার কারণে জড়োসড়ো হয়ে পড়েছিল বন্যপ্রাণীটি। পরদিন সকালে ওই বাসিন্দারা লক্ষ্য করেন, এটি শিয়াল নয়, অন্য রকমের একটি বন্যপ্রাণী। এরপর প্রাণীটিকে প্রকৃতির মাঝে ছেড়ে দেওয়ার চেষ্টা করলে সেটি তাদের হাতে একাধিকবার কামড় দেয়। খবর পেয়ে বনদপ্তর এবং উদ্ধারকারী সংস্থার সদস্যরা দ্রুত ঘটনাস্থলে পৌঁছে ভাম বেড়ালটিকে উদ্ধার করে বালুরঘাট বনদপ্তরে নিয়ে যান। বনদপ্তর সূত্রে জানানো হয়েছে, বর্তমানে বন্যপ্রাণীটি সম্পূর্ণ সুস্থ রয়েছে এবং খুব শীঘ্রই তাকে তার স্বাভাবিক প্রাকৃতিক পরিবেশে ছেড়ে দেওয়া হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০

মুম্বাইয়ে সহকর্মীর হাতুড়ির ঘায়ে মৃত্যু হয়েছে মুর্শিদাবাদের রানিতলার আমডহরা পঞ্চায়েতের হাজিগঞ্জের পরিযায়ী শ্রমিক এক যুবকের।৩২ বছর বয়সী রেন্টু শেখ এর খুনের ঘটনায় অভিযুক্তকে স্থানীয় থানার পুলিশ গ্রেপ্তার করেছে বলে জানা গিয়েছে।মৃতের পরিবার সূত্রে জানা গিয়েছে, সাত মাস আগে মুম্বাইয়ের উলওয়ে থানা এলাকায় নির্মাণ শ্রমিকের কাজ নিয়ে যান রেন্টু শেখ। ওখানেই ঘর ভাড়া করে থাকতেন ভিন রাজ্যের আরো তিন শ্রমিক। শুক্রবার রাতে বচসা বাঁধলে হাতুড়ি দিয়ে তার মাথায় আঘাত করা হলে সেখানেই লুটিয়ে পড়েন তিনি। শনিবার সকালে প্রতিবেশীরা তাঁকে দেখতে না পেয়ে পুলিশকে খবর দেয়।পুলিশ এসে দেহ উদ্ধার করে হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক মৃত ঘোষণা করেন।

০০০০০০০০০০০০০০০০০০০০

বাংলা মেয়েদের অনূর্ধ্ব ১৫ একদিনের ক্রিকেটের কোয়ার্টার ফাইনালে উঠেছে। ত্রিবান্দমে গতকাল বাংলা ৮ উইকেটে তামিলনাড়ুকে হারিয়ে টানা পাঁচ ম্যাচ জিতে নকআউট পর্বে পৌঁছয়। এলিট গ্রুপের শীর্ষে থেকে শেষ আটে উঠেছে বাংলা। তামিলনাড়ু প্রথমে ব্যাট করতে নেমে ৩৫ ওভারে ৯ উইকেটে ১২১ রান তোলে। বাংলার সালমা খাতুন ৩টি, দেবস্মিতা কালসা ও রাধিকা কুমারী ২টি করে উইকেট নিয়েছ।

জবাবে বাংলা ২৮ ওভার ৫ বলে ২ উইকেটে জয়ের লক্ষ্যে পৌঁছে যায়। সাইলা সেনাপতি ৫৯ রানে অপরাজিত থাকে।

oooooooooooooooooooo

oooooooooooooooooooo